

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৩৩৬৬  
পানিসাগর, ১৬ অক্টোবর, ২০২৩

**ধর্মনগরে মহালয়া উপলক্ষে আগমনী উৎসব**

ধর্মনগর পুর পরিষদের উদ্যোগে সম্প্রতি মহালয়া উপলক্ষে আগমনী উৎসব অনুষ্ঠিত হয়। ধর্মনগর টাউন কালীবাড়ি প্রাঙ্গনে আয়োজিত এই উৎসবের উদ্বোধন করেন ত্রিপুরা বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন। উৎসবের উদ্বোধন করে অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন শারদীয়া দুর্গোৎসব উপলক্ষে সকলের প্রতি শুভেচ্ছা জ্ঞাপন করেন। তিনি বলেন, বাঙালিদের বিভিন্ন উৎসবগুলির মধ্যে দুর্গোৎসব অন্যতম। দুর্গোৎসবের দিনগুলিতে সর্বত্র শান্তি শৃঙ্খলা বজায় রেখে সুষ্ঠুভাবে এই উৎসব সম্পন্ন করার জন্য তিনি সকলের প্রতি আহ্বান জানান। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন ধর্মনগর পুর পরিষদের চেয়ারপার্সন প্রদ্যোৎ দে সরকার, ধর্মনগর মহকুমার মহকুমা শাসক বি কে এইচ বি, সমাজসেবী শ্যামল নাথ প্রমুখ। এ উপলক্ষে আয়োজিত হয় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান।

এদিকে পানিসাগর নগর পঞ্চায়েতের উদ্যোগে মহালয়া উপলক্ষে আগমনী উৎসব সম্প্রতি পানিসাগর বাজারে অনুষ্ঠিত হয়। এই উৎসবের উদ্বোধন করেন পানিসাগর নগর পঞ্চায়েতের চেয়ারপার্সন অনুরাধা দাস। অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন পানিসাগর নগর পঞ্চায়েতের ভাইস চেয়ারপার্সন ধনঞ্জয় দেবনাথ, নগর পঞ্চায়েতের উপকার্যনির্বাহী আধিকারিক প্রদীপ কুমার সরকার, সমাজসেবী ধনঞ্জয় দাস, পানিসাগর নগর পঞ্চায়েতের কাউন্সিলারগণ। এ উপলক্ষে এদিন এক বর্ণাঢ্য র্যালী পানিসাগর টাউন হল প্রাঙ্গণ থেকে শুরু হয়ে শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে। র্যালীতে অনুষ্ঠানের অতিথিগণ সহ বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রী, বিভিন্ন সাংস্কৃতিক সংস্থার শিল্পীগণ, বিভিন্ন ক্লাব ও পূজা কমিটির সদস্যগণ এবং এলাকার জনগণ অংশগ্রহণ করেন। সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন শিল্পীগণ। অনুষ্ঠানে পানিসাগর নগর পঞ্চায়েতের পক্ষ থেকে শারদোৎসব উপলক্ষে ৪৩টি স্বসহায়কদলকে ৫ হাজার টাকা করে আর্থিক সহায়তা দেওয়া হয়। এছাড়া তিন জন স্ট্রিট ভেভারের মধ্যে সোলার লাইট বিতরণ করা হয়।

\*\*\*\*\*